চুয়াডাঙ্গার বটতলা বাজারে অবস্থিত মসজিদের সংস্কার কাজে বাঁধা

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া বটতলা বাজারে অবস্থিত মসজিদের সংস্কার কাজে বাধা এবং নানাভাবে হয়রানি কারার অভিযোগ উঠেছে শফিকুল ইসলাম জান্টুর বিরুদ্ধে। এ ঘটনায় মসজিদের কাজে বাঁধা দেয়ায় ফুঁসে উঠেছে এলাকাবাসিসহ ধর্মপ্রাণ মুসল্লিরা। যে কোন মূল্যে মসজিদের সংসস্কারের কাজ চালিয়ে যাবার প্রত্যয় ব্যক্ত করেছে এলাকাবাসি।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া বটতলা বাজারে ২০০০ সালের দিকে তৎকালিন সাবেক বেগমপুর ইউপি চেয়ারম্যান আহম্মদ আলী বাজারে আসা মুসল্লিদের আবেদনে ওয়কতিয়া নামাজ পড়ার বন্দবস্ত করেন। তিনি বাজারের দক্ষিণপার্শে ১০ ফুট গর্তবোঝাই করে প্রায় দেড় কাঠা জমির ওপর ছোট একটি নামাজের জায়গা তৈরী করেন। ধর্মীয় প্রতিষ্ঠান একদিনে বা একার সহযোগিতায় গড়ে ওঠে না। সকলের সহযোগিতায় গড়ে ওঠে। আস্তে আস্তে মুসল্লির সংখ্যা বাড়তে থাকলে ওই স্থানে পাকা মসজিদ নির্মানের উদ্যোগ গ্রহণ করে এলাকাবাসি।

২০০৬ সালের দিকে রাঙ্গিয়ারপোতা গ্রামের হাজি আফসার আলী পিছনের পজিশন হিসাবে সামনে সওজের আংশিক জায়গা এবং আকন্দবাড়িয়া গ্রামের আবুবক্কর সিংহভাগ জমি দান করেন এবং পাকা মসজিদ নির্মানের উদ্দেশ্যে ভিত্তীপ্রস্তর স্থাপন করা হয়। এর পর থেকে ধীরে ধীরে এমপি, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায় থেকে বরাদ্ধ পেয়ে মসজিদটি গড়ে উঠতে থাকে। এরি মধ্যে বেগমপুর ইউনিয়ন পরিষদ থেকে ছাদ করার জন্য বরাদ্ধ দেয়া হয়। মসজিদ কমিটির সভাপতি আতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মাসুদ রানাসহ এলাকাবাসি অভিযোগ করে বলেন, প্রথম যখন কাজ শুরু হয়েছিলো তখনতো দাতা সদস্যরা এবং জনপ্রতিনিধিদের উপস্থিতিতেই হয়েছে। এখন ছাদের কাজ যেই শুরু হয়েছে তখনি দাতা আফসার আলীর ছেলে শফিকুল ইসলাম জান্টু মসজিদের ছাদ নির্মান কাছে বাঁধা দেয়া এবং হয়রানি করার জন্য সড়ক ও জনপথ বিভাগে (সওজ) অভিযোগ দেয়াসহ নানাভাবে হুমকি ধামকিও দিচ্ছে।

যার পিতা সরকারি জমি দান করেছে তার ছেলে এসে বাঁধা সৃষ্টি করা এটা হিনমানসিকতা ছাড়া কিছুই না। তারা আরও বলেন, হাজি আফসার আলী নিজে সরকারি জমি দখল করে রেখেছে অথচ মসজিদের কাজে ছেলে দিয়ে কৌশলে কলকাটি নাড়ছে। উপস্থিতিরা প্রত্যয়ব্যাক্ত করে বলেন, মসজিদ আল্লাহর ঘর। যে কোন মূল্যে তা বাস্তবায়ন করব। তবে মসজিদের কাজে বাঁধা সৃষ্টি করায় এলাকাবাসির মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এব্যাপারে আহম্মদ আলী বলেন, প্রতিটি হাট বা বাজারেই নামাজ পড়ার ব্যবস্থা থাকে। কোথাও ছোট আবার কোথাও বড়। এই বাজারের জায়গাটি পেরিফেরি করে সরকারি খাতে আমিই নিয়েছি। এখন সরকার এখান থেকে প্রতিবছর লাখ লাখ টাকা রাজস্ব পাচ্ছে। যারা বাজারে এসে রাজস্ব দিচ্ছেন তারা একটু নামাজ পড়ার জায়গা পাবেন না ? এ বিষয়ে শফিকুুল ইসলাম জান্টুর সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুরে নতুন ৭৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৭৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৪১ জন, গাংনীতে ২৩ জন মুজিবনগর ৯ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২২৭টি। তারমধ্যে ৭৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭৮৫ জন। তার মধ্যে সদরে ২৫২ জন, গাংনীতে ৪৩৫ জন এবং মুজিবনগরে ৯৮ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৮০ জন । মৃতদের মধ্যে সদরে ৩২ জন, গাংনী ২৯ জন ও মুজিবনগরে ১৯ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির

শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মুজিবনগরে অবৈধ বালু উত্তোলন করায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

মুজিবনগরে অবৈধভাবে গোপনে আরশাদ কসাইয়ের পুকুর থেকে বালু উত্তোলন করার সময় কন্ট্রাক্টার নিয়ামত আলীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার এ ভ্রাম্যমাণ পরিচালনা করেন।
কন্ট্রাক্টার নিয়ামত আলী তারানগর গ্রামের মৃত,বকসো শেখের ছেলে। ইউএনও সুজন সরকার জানান,আরশাদ কসাই দির্ঘদিন ধরে তার নিজের কৃষি জমিতে পুকুর খনন করে মাটি ও বালু উত্তোলন করে সেগুলো কন্ট্রাক্টারের মাধ্যমে বাইরে বিক্রি করছিলো।
এতে করে পাশের জমির ক্ষতি হওয়ায় তাকে কয়েকবার নিষেধ করা হয়েছে। তার পরও সে নিষেধাঙ্গা অমান্য করে গোপনে বালু বিক্রি করছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।অভিযান চলাকালীন সময়ে পুকুর থেকে বালু নিয়ে আসার সময় বালুসহ ট্রাক্টর দেখা গেলে সেখানে ভ্রাম্মমান আদালত বসানো হয়।
পরে অবৈধ ভাবে বালু উত্তোলন করার অপরাধে কন্ট্রাক্টার নিয়ামত আলীকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ৫(১) ধারায় নিয়ামত আলীককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

ঝিনাইদহে হাট-বাজারে মানুষের উপচেপড়া ভীড়, মানা হচ্ছে না স্বাস্থ্যবিধি

ঝিনাইদহে লকডাউনের ১২তম দিনে হাট-বাজারে মানুষের উপচেপড়া ভীড়, সড়ক-মহাসড়কে বেড়েছে মানুষের উপস্থিতি। সকাল থেকেই বাজারে গাদি করে কেনা-বেচা করছেন ক্রেতা-বিক্রেতারা, শহরে বেড়েছে মানুষের চলাচল। স্বাস্থ্যবিধি মেনে চলাতো দুরের কথা মাস্ক পরতে দেখা যায়নি অনেকের। এমন পরিস্থিতিতেও নেই প্রশাসনের তেমন কোন নজরদারি । যেখানে প্রতিনিয়তই সংক্রমন বৃদ্ধির সাথে সাথে মৃত্যুর সংখ্যাও বেড়েই চলেছে।
এমন পরিস্থিতিতে প্রশাসন ও পুলিশ বিভাগের তদারকি না বাড়ালে সংক্রমনের হার বৃদ্ধি ও মৃত্যুর সংখ্যা আরো বাড়তে পারে বলে আশংকা করছেন সচেতন মহল।

গাংনীতে নতুন এসিল্যান্ড নাজমুল আলমের যোগদান

মেহেরপুরের গাংনী উপজেলায় সহকারি কমিশনার (ভূমি) (এসিল্যান্ড) হিসেবে যোগদান করেছেন মোঃ নাজমুল আলম। আজ (১২ জুলাই) সোমবার দুপুরে তিনি গাংনী ভূমি অফিসে যোগদান করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম তাকে ফুলেল শুভেচ্ছা জানান। নাজমুল আলম চুয়াডাঙ্গা জেলার দামুহুদা উপজেলার বাসিন্দা। তিনি ৩৫ তম বিসিএস প্রশাসন ক্যাডারে কর্মরত। ইতোমধ্যে মেহেরপুর মুজিবনগর উপজেলা ভূমি কর্মকর্তা হিসেবে দায়িত্বে ছিলেন। ১১ মাস ৮ দিন পর গাংনী উপজেলায় বদলির আদেশ হলে তিনি এখানে যোগদান করেন। গাংনী উপজেলাবাসির ভুমিসংক্রান্ত বিষয়ে সকল সেবা নিশ্চিত করবেন বলে জানান এ কর্মকর্তা। সেবা প্রদানে সকল শ্রেনীপেশার মানুষের সহযোগীতা কামনা করেন মোঃ নাজমুল আলম।

ঝিনাইদহে ইউপি সদস্য’র অসামাজিক কাজে বাঁধা দেওয়ায় নারীকে মারধর

ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের বয়েড়াতলা গ্রামে ইউপি সদস্যকে অসামাজিক কার্যকলাপে নিষেধ করায় গোলাপি খাতুন (৫০) নামের এক নারীকে মারপিট করার অভিযোগ উঠেছে।বর্তমানে ওই নারী ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।
আহত গোলাপী খাতুন অভিযোগ করে বলেন,৬ বছর আগে একই গ্রামের ইউপি সদস্য বিশারত আলীর বোনের কাছ থেকে ৫ শতক জমি কেনেনে ২ লাখ ২০ হাজার টাকা দিয়ে। কিন্তু তার বোন বুড়ি খাতুন জমি রেজিস্ট্রি না করে নিয়ে তালবাহানা শুরু করে।একপর্যায়ে বিশারত আলী ১০ হাজার টাকা ঘুষ দাবী করে।দাবিকৃত টাকা দেওয়ার পরও বিভিন্ন অজুহাতে ঘোরাতে থাকে।
তিনি আরও বলেন,আমার এক প্রতিবেশীর স্ত্রীর সাথে বিশারত আলীর অনৈতিক সম্পর্ক রয়েছে।শনিবার দুপুরে বিশারত আলী ওই নারীর বাড়িতে অসামাজিক কাজের জন্য গেলে তিনি দেখে ফেলেন।গোলাপী খাতুন অসামাজিক কাজ করতে বিশারত আলীকে নিষেধ করে। এসময় তিনি তার জমি রেজিস্ট্রি ও ঘুষের টাকা ফেরতও চায়। এতে বিশারত আলীর ক্ষিপ্ত ওই নারী ও তার পরিবারের লোকজনকে গোলাপীকে মারধর করতে হুকুম দেয়।পরে তারা গোলাপী খাতুনকে বেধঢ়ক পিটিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। বিশারত প্রভাবশালী হওয়ায় গোলাপী খাতুন থানায় মামলা করতে সাহস পাচ্ছে না।
এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মিজানুর রহমান বলেন,এমন কোন ঘটনা আমার জানা নেই।তবে কেউ লিখিত অভিযোগ দিলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে আইনআনুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

শৈলকুপায় ১ কেজি গাঁজাসহ আটক ৪

ঝিনাইদহের শৈলকুপায় ১ কেজি গাঁজাসহ ৪জনকে আটক করেছে শৈলকুপা থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে শৈলকুপা থানা সেকেন্ড অফিসার এসআই আমিরুজ্জামান,এসআই আসিফ, এএসআই হাকিম,এএসআই মেহেদী সঙ্গীয় ফোর্সসহ রবিবার গভীর রাতে উপজেলার গাড়াগঞ্জ লোহার ব্রীজের কাছ থেকে ১ কেজি গাঁজাসহ তাদেরকে আটক করে ।

আটককৃতরা চুয়াডাঙ্গা জেলার ডামুড়হুদা উপজেলার মুক্তারপুর(রিফুজিপাড়া)র জালাল উদ্দিনের ছেলে সাদেকুর রহমান(৪০), ঝিনাইদহের শৈলকুপা উপজেলার সুবিদ্দা গোবিন্দপুর গ্রামের মৃত শমসের মন্ডলের ছেলে জানিক মন্ডল(৪৫), শৈলকুপা উপজেলার সুবিদ্দা গোবিন্দপুর গ্রামের মৃত আমজাদ হোসেনের ছেলে পিকুল হোসেন ও শৈলকুপা উপজেলার শহিদনগর গ্রামের মৃত তৈয়ব আলীর ছেলে ওহাব মোল্লা ।আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে ।

শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে কনসেনেট্রটর মেশিন ও অক্সিজেন সিলিন্ডার প্রদান করলেন-এমপি আব্দুল হাই

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঝিনাইদহ ১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই ৩টি অক্সিজেন কন্সেন্ট্রেটর মেশিন,জাহেদী ফাউন্ডেশন ১৫ টি অক্সিজেন সিলিন্ডার ও শৈলকুপা রামকৃষ্ণ সেবাশ্রম ১০ টি অক্সিজেন সিলিন্ডার প্রদান করেন।
সোমবার বেলা ১২টায় উপজেলা স্বাস্থ্য ও পপ কর্মকর্তা ডা: রাশেদ আল মামুনের হাতে এসব সরঞ্জাম তুুলে দেওয়া হয় ।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম

হাকিম আহমেদ, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, উপজেলা আওয়ামী লীগের আহ¦◌ায়ক মতিয়ার রহমান বিশ্বাস, যুগ্ন আহ্বায়ক সরোয়ার জাহান বাদশা, জেলা যুব লীগের যুগ্ন আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল, উপজেলা যুবলীগের সভাপতি শামিম হোসেন মোল্লা, সহ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, রামকৃষ্ণ সেবাশ্রমের সাধারণ সম্পাদক নিহার রঞ্জন সাহা, কোষাধ্যক্ষ স্বপন কুমার সাহা,স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার, কর্মকর্তা-কর্মচারী ও সাংবাদিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।
ভার্চুয়ালি যুক্ত থেকে বক্তব্য প্রদান করেন এমপি আব্দুল হাই ও জাহেদী ফাউন্ডেশনের পরিচালক কাইয়ুম সাহেরিয়র জাহেদী হিজল।

মেহেরপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার সামগ্রী বিতরণ

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মেহেরপুর শহরে ইজিবাইক সমেতির ১২০০ জন মালিক এবং চালকদের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার সামগ্রী হিসেবে ২৫ কেজি চাউল বিতরণ করা হয়।

মেহেরপুরের জেলাপ্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য উপ-পরিচালক স্থানীয় সরকার মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, সদর উপজেলা কর্মকর্তা মোঃ মাসুদুল আলম উপস্থিত ছিলেন। এসময় মেহেরপুরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন এই লকডাউনে মানুষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ এবং কর্মহীন হয়ে পড়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের নির্দেশ দিয়েছে সমাজের কেউ যেন না খেয়ে থাকে সেই নির্দেশনা মোতাবেক সমাজের যারা অসহায়, দুস্থ তাদেরকে চিহ্নিত করে তাদের মাঝে আমরা প্রধানমন্ত্রীর উপহার পৌছে দিচ্ছি।

গাংনীতে করোনা রোগীর বাড়িতে খাবার পৌছে দিলেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া গ্রামের করোনা রোগীর বাড়িতে খাবার পৌঁছে দিলেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক। আজ (১২ জুলাই) সোমবার সকালে লকডাউনে থাকা বাড়িতে গিয়ে খাবার পৌছে দেন তিনি।

জানাগেছে, গত ৩০ জুন ভাটপাড়া গ্রামের এক যুবক নমুনা দিলে করোনা পজেটিভ হয়। পরে ৫ জুলাই তার স্ত্রীর নমুনা পরীক্ষা করা হলে তার স্ত্রীও করোনা পজেটিভ রিপোর্ট আসে। গাংনী উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ ওই বাড়ি লাল নিশানা দিয়ে লকডাউন করেন। বেশ কয়েকদিন পরে লকডাউনে থাকা পরিবার প্রধানের সাথে কথা বলে বিষয়টি জানতে পারেন। রাতেই ইউপি গোলাম ফারুক মোবাইলে যোগাযোগ করেন।

খুুব সকালে ওই বাড়িতে খাবার নিয়ে হাজির হন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক। এসময় তিনি অসুস্থ রোগীর খোঁজ খবর নেন এবং ব্যাক্তিগত অর্থে পরিবার প্রধানের হাতে খাবার তুলে দেন। পরিবার প্রধান জানান, করোনা পজেটিভ হলেও শারীরিক কোনো অসুবিধা নেই তাদের। তবুও সরকারি নিয়ম ও স্বাস্থ্যবিধি মানা হচ্ছে। ১৪ দিনের হোমকোয়ারেন্টিন শেষ করবেন।

ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, করোনা হলে আতংকিত হওয়ার কিছু নেই । স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরুত্ব মেনে চলাই প্রতিটি মানুষের দায়িত্ব। যারা স্বাস্থ্যবিধি মানতে গিয়ে খাবার সংকটে পড়বেন তারা আমাকে মোবাইল করলে তাৎক্ষনিক তার বাড়িতে খাবার পৌঁছে যাবে। বিনা প্রয়োজনে বাড়ির বাহিরে না যাওয়া এবং সব সময় মাস্ক পরিধানের পরামশৃ দেন এ জনপ্রতিনিধি। এসময় সাহারবাটি ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক সুমন রেজা উপস্থিত ছিলেন।